সীমিত পরিসরে পাসপোর্টের স্বাভাবিক কার্যক্রম শুরু

কোভিড-১৯ এর কারণে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব ও জরুরি আবেদনকারী ছাড়া নতুন পাসপোর্ট ইস্যু বন্ধ ছিল। দীর্ঘদিন পর আজ বৃহস্পতিবার থেকে স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে শুরু হচ্ছে পাসপোর্ট ইস্যুর কাজ।

বুধবার এক অফিস আদেশে এ তথ্য জানায় বাংলাদেশ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদফতর। অধিদফতরের পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন) মো. সাঈদুর রহমান মহাপরিচালকের পক্ষে আদেশে স্বাক্ষর করেন।

এতে বলা হয়, স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সীমিত পরিসরে এমআরপি এবং ই-পাসপোর্টের এবোলমেন্ট (নতুন ও রি-ইস্যু) কার্যক্রম পরিচালিত হবে। এ বিষয়ে আগের জারি করা সব আদেশ বাতিল করা হলো। আদেশটি অবিলম্বে কার্যকরের নির্দেশ দেয়া হয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

ভূমধ্যসাগরে বছরের সবচেয়ে ভয়াবহ নৌকাডুবিতে ৪৫ জনের মৃত্যু

চলতি বছরে লিবিয়া থেকে অবৈধভাবে ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার সময় সবচেয়ে ভয়াবহ নৌকাডুবির ঘটনা ঘটেছে। এতে প্রাণ হারিয়েছেন পাঁচ শিশুসহ অন্তত ৪৫ জন অভিবাসী এবং শরণার্থী। গত সোমবার এই নৌকাডুবি হয় বলে বুধবার জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এসব তথ্য জানিয়েছে। খবর বিবিসির।

জানা গেছে, ৮০ জনেরও বেশি যাত্রী নিয়ে যাওয়ার সময় ছোট ওই

নৌযানটির ইঞ্জিন বিষ্ফোরিত হলে তা ডুবে যায়। এতে অন্তত ৪৫ জন প্রাণ হারান। স্থানীয় জেলে ও মৎসজীবীরা ৩৭ জনকে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়েছেন। এখনও বেশ কয়েকজন নিখোঁজ।

ভয়াবহ ও প্রাণঘাতী ওই দুর্ঘটনার পর বুধবার যৌথ বিবৃতিতে জাতিসংঘ শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর) এবং আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (আইওএম) এমন তথ্য দিয়ে উদ্ধার অভিযান জোরদার করার আহ্বান জানিয়েছে। বলা হচ্ছে, সোমবারের ভয়াবহ ওই নৌকাডুবির যারা প্রাণ হারিয়েছেন তাদের বেশিরভাগই আফ্রিকার দেশে সেনেগাল, মালি, শাদ এবং ঘানার বাসিন্দা।

এদিকে, ব্যাপক উদ্ধার অভিযান ছাড়া ভূমধ্যসাগরে আরও অনেকের প্রাণহানি ঘটবে বলে আশঙ্কা করা হচ্ছে। উল্লেখ্য, লিবিয়া থেকে ইউরোপ যাওয়ার সময় চলতি বছর ভূমধ্যসাগরে তিন শতাধিক মানুষ প্রাণ হারিয়েছেন। ২০১৪ সালে আইওএম হিসাব রাখার শুরুর পর গত কয়েক বছরে এই সংখ্যা ২০ হাজারের বেশি। তবে এই তথ্যের চেয়ে প্রকৃত মৃত্যুর সংখ্যাটা আরও অনেক বেশি বলেই জানাচ্ছে বিবিসি।

সূত্র- বিডি-প্রতিদিন

পাইলটবিহীন বিমানের চতুর্থ প্রজন্মের টারবোফ্যান ইঞ্জিন তৈরি করল ইরান

প্রথমবারের মতো ইরান পাইলটবিহীন বিমান বা ড্রোনে ব্যবহার করার জন্য চতুর্থ প্রজন্মের হালকা টারবোফ্যান ইঞ্জিন তৈরি করতে সক্ষম হয়েছে। ইরানের প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল আমির হাতামি বুধবার তেহরানে ইরানের সংসদের শিল্প ও খনিজ সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এক বৈঠকে অংশ নিয়ে একথা জানিয়েছেন।

টারবোফ্যান ইঞ্জিন বর্তমান বিশ্বের অত্যাধুনিক ড্রোনগুলোতে ব্যবহৃত হচ্ছে জানিয়ে তিনি বলেন, নিজস্ব প্রযুক্তিতে এই ইঞ্জিন

তৈরির ফলে ইরানের প্রতিরক্ষা সক্ষমতা বিশেষ করে বিমান বাহিনীর শক্তিমত্তা উল্লেখযোগ্যভাবে বেড়ে যাবে।আজ বৃহস্পতিবার বিকেলে ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি চতুর্থ প্রজন্মের এই ইঞ্জিনের মোড়ক উন্মোচন করবেন বলে জানান প্রতিরক্ষামন্ত্রী।

একইসঙ্গে আজ ইরানি জঙ্গিবিমান ‘কাওসার’-এর জন্য ‘ওজ’ বা ‘চূড়া’ নামের ইঞ্জিনের গণ উৎপাদনেরও উদ্বোধন করা হবে। ইরানের প্রতিরক্ষামন্ত্রী বলেন, ‘ওজ’ ইঞ্জিনকে বিমানে ব্যবহার করার আগের সবগুলো পরীক্ষা সফলভাবে সম্পন্ন হয়েছে।
জেনারেল হাতামি মধ্যপ্রাচ্যে ইহুদিবাদী ইসরাইলের ধ্বংসাত্মক তৎপরতা সম্পর্কেও কথা বলেন। তিনি বলেন, এ অঞ্চলের বহু অপরাধযজ্ঞে এই দখলদার শক্তির হাত থাকার বিষয়টি এখন স্পষ্ট।

জবরদখলকারী এই সরকার মধ্যপ্রাচ্যের দেশগুলোতে অবাধে বিচরণ করার সুযোগ পেলে এ অঞ্চলের দেশগুলোর মানুষ আরো বেশি অপরাধযজ্ঞ ও বিশ্বাসঘাতকতার সম্মুখীন হবে বলে তিনি উল্লেখ করেন। ইরানের প্রতিরক্ষামন্ত্রী বলেন, আর এজন্য দায়ী থাকবে সেসব দেশ যারা তাদের মাটিতে ইসরাইলকে অবাধে বিচরণ করার সুযোগ দিয়েছে। সূত্র : পার্সটুডে।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরে নতুন করে আজ ২৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ২৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৪০৯ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৫০ টি। এর মধ্যে ২৩ টি পজিটিভ (সদর-২১, গাংনী -২ )। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩০০২ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৪০৯ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ১৮১ (সদর- ১০৩, গাংনী- ৫৮, মুজিবনগর- ২০ ) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ৯ জন। (সদর-৫, গাংনী- ৩, মুজিবনগর -১)। এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ১৯১ জন এর মধ্যে ১২ জন নতুন।

ভিন্ন ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির বিপুল কুমার মিত্র, মশিউর রহমান, রাশেদুজ্জামান, সদর উপজেলার হরিরামাপুর গ্রামের আলমগীর হোসেন, শহরের কলেজ পাড়ার গোলাম কাউসার, গড়পাড়ার মারুফ হোসেন, কালাম মার্কেটের আবু বক্কর, বোসপাড়ার কোহিনুর, সাইবল হোসেন, হালদারপাড়ার নজরুল ইসলাম, নতুন পাড়ার একেএম হারুনুর রশিদ, পুলিশ সুপার অফিসের আলী কদর, সদর হাসপাতালের নাসিমা খাতুন, বন বিভাগ পাড়ার লুৎফর রহমান, আবীর, সিজিএম কোর্টের শফিকুল ইসলাম, কাশ্যপ পাড়ার আলী হোসেন, ফিরোজা বেগম, এসি ল্যান্ড অফিসের মাবুদ আলী, যাদবপুরের আলমগীর হোসেন লাল্টু মেম্বর, কুতুবপুরের আব্দুল বারী, গাংনী ফুড অফিসের সাইদুর রহমান, বাদিয়াপাড়ার আবুল কাশেম।

অচিরেই বিশ্বের অন্যতম বৃহৎ অস্ত্র নির্মাণ কেন্দ্রে পরিণত হবে ইরান

ইরানের বিরুদ্ধে জাতিসংঘের অস্ত্র নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হতে চলেছে। অনেকের ধারণা বহু বছর পর এ নিষেধাজ্ঞা উঠে গেলে হয়তো ইরান আবারও সমরাস্ত্রের বাজারে প্রবেশ করবে এবং দেশটি অচিরেই বিশ্বের অন্যতম বৃহৎ অস্ত্র নির্মাণ কেন্দ্রে পরিণত হবে।

এ ব্যাপারে ইরানের প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল আমির হাতামি জাতীয় নিরাপত্তা ও পররাষ্ট্র নীতি বিষয়ক সংসদীয় কমিশনের সঙ্গে বৈঠকে বলেছেন, জাতীয় নিরাপত্তা ও প্রতিরক্ষা সক্ষমতা অক্ষুণ্ণ রেখে এ ক্ষেত্রে উন্নয়ন অব্যাহত রাখবে প্রতিরক্ষা মন্ত্রণালয়। ব্যাপক হারে উৎপাদনের বছরে কৌশলগত অস্ত্র তৈরির অবকাঠামো আমাদের রয়েছে এবং অস্ত্র তৈরির ক্ষেত্রে আমাদের কোনো

সমস্যা নেই এ কথা উল্লেখ করে তিনি আরও বলেন, অর্থনীতিসহ বেসামরিক বিভিন্ন খাতে সহযোগিতা করতেও এই মন্ত্রণালয় প্রস্তুত রয়েছে।

আট বছরের পবিত্র প্রতিরক্ষা যুদ্ধ এবং যুদ্ধ পরবর্তী সময়ে শত্রুর চাপিয়ে দেয়া নিষেধাজ্ঞা ও সীমাবদ্ধতা সত্বেও ইরান প্রমাণ করেছে আত্মরক্ষায় তারা কতখানি পারদর্শী। নিজস্ব প্রযুক্তি ও সুযোগ সুবিধাকে কাজে লাগিয়ে প্রতিরক্ষা শিল্পে ইরান আজ স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। উদাহরণ স্বরূপ, ক্ষেপণাস্ত্র শক্তির কথা উল্লেখ করা যায় যা কিনা চাপিয়ে দেয়া যুদ্ধের সময় প্রয়োজনের তাগিদে ইরান এ অস্ত্র তৈরির পদক্ষেপ নিয়েছিল। বর্তমানে নিখুঁতভাবে আঘাত হানতে সক্ষম ব্যালেস্টিক ও ক্রুজসহ বিভিন্ন ধরনের ক্ষেপণাস্ত্র তৈরি করে ইরান বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছে।

সমরবিদরা বলছেন, নতুন নতুন প্রযুক্তির ক্ষেপণাস্ত্র তৈরি করে ইরান এ অঞ্চলে সামরিক শক্তির ভারসাম্য নিজের অনুকূলে নিয়ে আসতে সক্ষম হয়েছে।

ইরান সম্প্রতি সফলভাবে নূর নামে সামরিক স্যাটেলাইট মহাকাশে পাঠাতে সক্ষম হওয়ায় ভূ-রাজনৈতিক বিষয়ক মার্কিন বিশ্লেষক অ্যান্থেনিও কার্তুলুসি বলেছেন, ইরান এমন এক অবস্থানে পৌঁছে গেছে যা বহুমেরু কেন্দ্রিক নতুন বিশ্ব ব্যবস্থা প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে।

নৌ শক্তির ক্ষেত্রেও ইরান অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। এ ক্ষেত্রে বিভিন্ন ধরনের ডুবো জাহাজ নির্মাণের কথা উল্লেখ করা যায় যা কিনা আলাদা আলাদা বৈশিষ্ট্যের অধিকারী। পাইলটবিহীন বিমান বা ড্রোন প্রযুক্তিতে ইরান আঞ্চলিক পরাশক্তিতে এবং বিশ্বে চতুর্থ বৃহৎ শক্তিতে পরিণত হয়েছে। যুদ্ধবিমানের দিক থেকেও ইরান অনেক এগিয়ে। বভার-৩৭৩, খোরদাদ-তিন, তাবাস-দুই ও সাইয়াদের মতো বিমানগুলো ইরান নিজস্ব প্রযুক্তিতে তৈরি করেছে। এ ছাড়া লেজার প্রতিরক্ষা ব্যবস্থায়ও ইরান হাতে গোনা কয়েকটি দেশের কাতারে শামিল হয়েছে যা কিনা তাদের সামরিক শক্তির বড় প্রমাণ।

প্রকৃতপক্ষে, নিজস্ব প্রযুক্তির সহায়তায় ইরান কৌশলগত অস্ত্র তৈরির অবকাঠামো গড়ে তুলেছে। এ কারণে ইরানের প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, অস্ত্র তৈরির ক্ষেত্রে আমাদের কোনো সমস্যা নেই।

সূত্র- বিডি প্রতিদিন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি; নিরাপদ সমাজ গড়ি” এ প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার অন্তভুক্ত দামুড়হুদা মডেল থানা পুলিশের আয়োজনে উপজেলার ০৩ নং ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৯ আগস্ট) সকাল ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী এলাকার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ কার্যালয় প্রাঙ্গণে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন দামুড়হুদা, জীবননগর, সিনিয়র সহকারী সার্কেল পুলিশ সুপার মোঃ আবু রাসেল।

এসময় প্রধান অতিথি সিনিয়র সহকারী সার্কেল পুলিশ সুপার মোঃ আবু রাসেল বলেন, দ্রুত সমস্যা সমাধানে কার্যকরী ভূমিকা পালন করবে বিট পুলিশিং। পারিবারিক ও সামাজিক পরিম-লে যে সমস্যাগুলো আপনারা সমাধান করতে পারছেন না তা বিট পুলিশিংয়ের মাধ্যমে আপনারা আইনগত ভিত্তির মধ্যে চলে এসে দ্রুত সমাধান পাবেন। দামুড়হুদা থানাকে ০ ৬ টি ইউনিয়নকে ৬ টি বিটে ভাগ করা হয়েছে।

প্রতিটি বিটের বিট অফিসার একজন এসআই। উনার সাথে থাকবেন একাধিক এসএসআই ও দুজন কনস্টেবল। কমিউনিটি পুলিশিংয়ের সাথে কিছু মানুষকে জুড়ে দিয়ে কাজ করা হয়েছিলো উল্লেখ করে তিনি বলেন, কমিউনিটি পুলিশিং কার্যক্রমের সাথে বিট পুলিশিং কার্যক্রমের কোনো সাংঘর্ষিক বিষয় নেই। বিট পুলিশিংয়ের একটি আইনগত ফ্রেমের মধ্যে আনা হয়েছে এবং পুলিশই কাজটি করবে। ছোটখাটো সমস্যাগুলো যাতে আপনারা বিটের মাধ্যমে সহজেই সমাধান পেতে পারেন। ছোটখাটো বিষয় নিয়ে কোথায় যাবেন? কিভাবে যাবেন? কিভাবে প্রতিকার পাবেন? তা অনেকে জানেন না।

বিভিন্ন স্থানে ছুটাছুটি করতে গিয়ে নানা সমস্যায় পড়েন অনেকে। এখন আর ছুটাছটি করতে হবে না। বিটের মাধ্যমে এসব পরামর্শ ও সমস্যার সমাধান করা হবে। বিট পুলিশিংয়ের উৎপত্তি সম্পর্কে তিনি বলেন, বর্তমান আইজিপি মহোদয় উঁনি যখন ডিএমপি কমিশনার ছিলেন তখন তিনি

ডিএমপি এলাকায় বিট পুলিশিং কার্যক্রম খুব জোরেশোরে চালু করেছিলেন। এটার ভালো ফল পাওয়া গিয়েছিলো। উঁনি চান এ ধারণা শুধু ডিএমপিতে না রেখে সারা দেশে ছড়িয়ে দিতে। এর অনেক সুফল আছে।

দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, অনেক সময় গুরুত্বপূর্ণ জনগণকে পুলিশের সেবা নিতে অনেক পথ অতিক্রম করে থানায় যেতে হয়। পুলিশের সেবা এখন জনগণের দোরগোড়ায়। দ্রুত যেকোনো ধরনের পাওয়া যাবে। তিনি আরও বলেন, সমাজকে মাদকমুক্ত করতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। চুয়াডাঙ্গা জেলা এখন অনেকটা মাদকমুক্ত হয়েছে।

আমরা মাদক নিয়ন্ত্রণে কিট নিয়ে আসছি। প্রথমে পুলিশকে পরীক্ষা করা হবে। কোনো পুলিশ সদস্য মাদকাসক্তের তালিকায় আসলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। মাদক নিয়ন্ত্রণ করতে তিনি পুলিশের সহযোগিতা করার আহ্বান রেখে আরও বলেন, আপনাদের সহযোগিতা চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম স্যার চুয়াডাঙ্গা জেলাকে মাদকমুক্ত করবো।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিক-উর রহমান, এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট।

আরও উপস্হিত কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ, যুগ্ম- সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, আওয়ামী লীগ নেতা মখলেসুর রহমান রিপন,রবিউল হোসেন শুকলাল,আব্দুল কাদের বিশ্বাস,আব্দুল করিম, আলাউদ্দিন, লুৎফর রহমান, সহিদুল হক, শ্রমিক নেতা জামাত আলী, দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগ যুগ্ম- আহবায়ক শওকত আলী,কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, সহ-সভাপতি আব্দুল মজিদ, যুগ্ম সম্পাদক শরিফ রতন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাংবাদিক মেহেদী হাসান মিলন, দপ্তর সম্পাদক বখতিয়ার বকুল, অর্থ বিষয়ক সম্পাদক শফিউদ্দিন বাবু, যুবলীগ নেতা আবু জাফর, যুবলীগ নেতা বিল্লাল হোসেন, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, প্রমুখ উপস্থিত ছিলেন। দামুড়হুদা থানার সকল পুলিশ সদস্যবৃন্দসহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন সকল গ্রাম পুলিশ সদস্যবৃন্দসহ উপস্থিত

ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্র তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধসহ জাতির ক্রান্তিলগ্নে বাংলাদেশ পুলিশের গৌরবোজ্জ্বল ভূমিকা উল্লেখ করে তিনি আরও বলেন, আপনারা পেছনের দিকে নিশ্চয় তাকিয়ে দেখবেন।

আজকের বাংলাদেশের উন্নয়নের পেছনে অনেক অবদান সকলের। কিন্তু একটি চক্র বোমা মেরে, মানুষ পুড়িয়ে আন্দোলনের নামে যে নৈরাজ্য সৃষ্টি করেছিলো তা কারো জন্য কাম্য নয়। আপনি যে দলেরই হোন না কেন এ ধরনের ন্যাক্কারজনক কাজ নিশ্চয়ই কেউ সমর্থন করবেন না। সেই অপরাধ কাজ থেকে সবাইকে বের হয়ে আসতে হবে। তবে মনে রাখতে হবে স্বাধনীতা বিরোধী শক্তি জামায়াত শিবির আলবদর তারা কিন্তু অপরাধমূলক কাজ থেকে বেরিয়ে আসেনি।

এ আগস্ট মাসকে কেন্দ্র করে বিভিন্ন হামলার পরিকল্পনা করা হয়। বিশেষ করে জঙ্গি কার্যক্রম। কিন্তু পুলিশের ভূমিকায় জঙ্গি দমন করতে সক্ষম হয়েছে আমরা। পুলিশের সক্ষমতাও বৃদ্ধি হয়েছে। জঙ্গি সংগঠনগুলো যাতে আবারও এসব কাজ করে দেশকে পিছিয়ে নিতে না পারে সেদিকে সবাইকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের দু’পক্ষের পাল্টাপাল্টি মামলা

সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালানোকে কেন্দ্র করে আওয়ামীলীগের দুটি পক্ষ পাল্টাপাল্টি মামলা দায়ের করেছে।

মঙ্গলবার রাতে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন এবং অপর পক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করেন। দু’পক্ষই ডিজিটাল নিরাপত্তা আইনে এ মামলা দায়ের করে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ বলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের বক্তব্যের ভিডিও বিকৃত করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করার অভিযোগে ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন মামলা দায়ের করেছেন।

অপর দিকে পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপুর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিজিএফ-এর চাল নিয়ে মিথ্যা অপবাদ প্রচার করার অভিযোগে স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি মামলা দায়ের করেছেন।

জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনের দায়ের করা মামলায় ছাত্রলীগ নেতা রকিবুল ইসলাম নিপ্পনসহ ৬ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরও ৪০/৫০ জনকে আসামি করা হয়েছে।

এজাহারে উল্লেখ করা হয়েছে, গত ১৩ আগস্ট জেলা শিল্পকলা একাডেমী চত্বরে ‘অস্থায়ী পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ’ শীর্ষক আলোচনা সভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে ১৬ মিনিট ৫৪ সেকেন্ড বক্তব্য রাখেন। কিন্তু ওই বক্তব্য ইচ্ছাকৃতভাবে কর্তন ও এডিট করে ৩০ সেকেন্ডের একটি অসত্য ও বিকৃত ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) প্রচার করা হয়।

অপরদিকে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনসহ ৫ জনের নাম উল্লেখ করে একই ধারার মামলা দায়ের করেছেন।

তিনি মামলার এজাহারে উল্লেখ করেন, গত ১৭ আগস্ট ভিজিএফের চাল নিয়ে চুয়াডাঙ্গার পৌর মেয়র ওবায়দুর রহমানের নামে মিথ্যা ও মানহানিকর তথ্য প্রচার করা হয়। আসামীরা তাদের ব্যক্তিগত ফেসবুক ওয়ালে মেয়রের নামে ভিত্তিহীন অপবাদ দিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস পোস্ট করে।

ওসি আরো জানান, দুপক্ষের দুটি লিখিত অভিযোগ পেয়েছি। মামলা দুটি রেকর্ড হয়েছে। পরবর্তিতে আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

কুমারখালীতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে ইউএনওর অভিযান

কুষ্টিয়ার কুমারখালীতে বেড়েই চলেছে করোনা রোগীর সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন ১৩ জনসহ মোট করোনা রোগীর সংখ্যা দাঁড়াল ৩৬৭ জনে।

অন্যদিকে উপজেলায় করোনাভাইরাসের প্রাদুর্ভাব বিস্তার প্রতিরোধে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে বুধবার সকালে উপজেলার বিভিন্ন দোকান ও রাস্তায় ঝটিকা অভিযান পরিচালনা করেন ইউএনও রাজীবুল ইসলাম খান।

অভিযানে মাস্ক না ব্যবহার করায় সংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল আইন ২০১৮ অনুযায়ী ১৪ মামলায় ১৪ জনকে মোট ৯ হাজার ৮৫০ টাকা জরিমানা করেন মোবাইল কোর্টে।

উপজেলা নির্বাহী অফিসার রাজীবুল ইসলাম খান বলেন, যতক্ষণ বাইরে আছেন, আবশ্যিক মাস্ক ব্যবহার করুন। মাস্ককে পোশাকের অংশ বিবেচনা করতে হবে। মাস্ক না থাকলে তার কাছে কোনো দোকানদার কিছু বিক্রি করবেন না, কোনো অফিসে সেবা পাওয়া যাবে না।

গাংনীর হাড়াভাঙ্গা ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা বাজারে ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৫ টার দিকে হাড়াভাঙ্গা সেন্টার পাড়া বাজারে এ ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়। হাড়াভাঙ্গা সেন্টার পাড়ার বাজার কমিটির সভাপতি জামাল উদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাচ-বাংলা এজেন্ট ব্যাংক লিমিটেডের এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম।

এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক জামশেদ আলীর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করমদি কলেজের প্রভাষক আমজাদ হোসেন ও কাজীপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান। ডাচ বাংলা ব্যাঙ্ক এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম এ এজেন্ট ব্যাংকের সুবিধা বিষয়ে বক্তব্য তুলে ধরেন।

বক্তারা বলেন, এলাকার মানুষ ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং থেকে অনেক সুবিধা পাবে। সময় নষ্ট না করে হাতের নাগালেই ব্যাংকিং সুবিধা পাবে মানুষ। ব্যাংকটি হাড়াভাঙ্গা বাজারে হওয়ার কারণে ব্যাংক কর্তৃপক্ষকে এলাকার মানুষ সাধুবাদ জানিয়েছেন।

এ সময় এলাকার নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

নদীতীরে স্থানান্তরযোগ্য শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের নির্দেশ প্রধানমন্ত্রীর

পকূলীয় নদী ড্রেজিং করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, চোখের সামনে বড় বড় ভবন নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। এ জন্য সবজায়গায় সবকিছু তৈরি করা যাবে না। স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা—এগুলো নির্মাণের সময় সতর্ক থাকতে হবে। গতকাল মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন।

শেরেবাংলানগরের এনইসি সম্মে-লনকক্ষে একনেক বৈঠকটি অনুষ্ঠিত হয়।

এতে গণভবন থেকে ভার্চুয়াল পদ্ধতিতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সভা শেষে নিজ দপ্তর হতে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এ তথ্য জানান পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বলেছেন, নদী খননের সঙ্গে সঙ্গে খালও পরিষ্কার রাখতে হবে। ড্রেজিং গভীর করে করতে বলেছেন, যাতে করে ভাঙন কম হয়। আমাদের বন্যার সঙ্গে অ্যাডজাস্ট করে চলতে হবে। বন্যার পানি যাতে দ্রুত নেমে যেতে পারে সেজন্য উপকূলীয় অঞ্চলের নদীগুলো ড্রেজিং করার নির্দেশনা দিয়েছেন তিনি। নদীভাঙন প্রবণ এলাকায় স্কুল, কলেজ, মসজিদ-মাদ্রাসা এমন ভাবে নির্মাণ করতে হবে যাতে ভাঙন শুরু হলে এগুলো দ্রুত সরিয়ে নেওয়া যায়। মুন্সিগঞ্জে ঘড়বাড়িগুলো টিনের একতলা, দোতলা। নদীভাঙন শুরু হলে দ্রুত এগুলো স্থানান্তর করা যায়। প্রধানমন্ত্রী এ ধরনের মডেল ডেভেলপ করতে বলেছেন। যাতে করে বড় বড় ভবন নদীগর্ভে চলে না যায়।

একনেক সভায় ৩ হাজার ৪৬১ কোটি ৯৭ লাখ টাকা ব্যয় সংবলিত সাতটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলো নিয়ে আলোচনায় প্রধানমন্ত্রীর বিভিন্ন নির্দেশনা ও অনুশাসনের বিষয়ে পরিকল্পনামন্ত্রী জানান, দেশে আর ‘স্লুইসগেট’ না করার নির্দেশনা দেওয়া হয়েছে। কারণ এর বেশির ভাগ কাজ করছে না, সঠিক ভাবে রক্ষণাবেক্ষণও হচ্ছে না। এজন্য এগুলো নির্মাণের আগে একটি সমীক্ষা করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।

সভায় সড়ক বিভাগের প্রকল্পে ডাকবাংলো নির্মাণ না করার নির্দেশনা দিয়েছেন প্রধামন্ত্রী। সভায় ৫২৬ কোটি ৪২ লাখ টাকা ব্যয়ে খুলনা সড়ক জোনের আওতাধীন মহাসড়কে বিদ্যমান সরু ও ঝুঁকিপূর্ণ পুরাতন কংক্রিট সেতু/বেইলি সেতুর স্থলে কংক্রিট সেতু নির্মাণ প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এ প্রকল্পের আওতায় ২৪টি জরাজীর্ণ কংক্রিট সেতু ও ২৫টি বেইলি সেতুর স্থলে মোট ৪৯টি নতুন কংক্রিট সেতু নির্মাণ করার লক্ষ্য রয়েছে। এই কাজের তদারকি করার জন্য প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে পরিদর্শন বাংলো নির্মাণের প্রস্তাব করা হয়।

এ বিষয়ে পরকল্পনামন্ত্রী জানান, এখন যাতায়াত ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে। কয়েক ঘণ্টার মধ্যেই পরিদর্শন শেষ করে ফেরা যায়। আগে সেই ব্রিটিশ আমলে যখন যাতায়াত ব্যবস্থা খারাপ ছিল, থাকার জায়গা ছিল না তখন এসব বাংলো নির্মাণ করা হতো। এ প্রকল্প হতে বাংলো নির্মাণ বাদ দিতে বলেছেন প্রধানমন্ত্রী। তাছাড়া উন্নত

সড়কে টোল আদায়ের ব্যবস্থা রাখতে হবে। যাতে করে সড়কের রক্ষণাবেক্ষণ খরচ এই টোলের টাকায় মেটানো যায় সেই ব্যবস্থা করতে হবে।

একনেক সভায় ৮৪৫ কোটি ৫৩ লাখ টাকা ব্যয়ে বারৈয়ারহাট- হেঁয়াকো- রামগড় সড়ক প্রশস্তকরণ প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এ প্রকল্পে ভারতীয় ঋণ (এলওসি) হতে ৫৮১ কোটি ২০ লাখ টাকা ব্যয়ের লক্ষ্য রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে খাগড়াছড়ির রামগড় দিয়ে ভারতের সঙ্গে যোগযোগ সহজ হবে। সভায় জানানো হয়েছে, প্রকল্পটি আগামী দুই বছরের মধ্যে বাস্তবায়ন হবে। এর মাধ্যমে বাংলাদেশ ও ভারতের মধ্যে আমদানি-রপ্তানি ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ করাসহ প্রকল্প এলাকার জনগণের আর্থসামাজিক অবস্থার উন্নতি হবে।

সভায় অনুমোদিত অন্য প্রকল্পগুলো হলো:৫২৪ কোটি ৩৭ লাখ টাকা ব্যয়ে ‘দাউদকান্দি-গোয়ালমারী-শ্রীরায়েরচর (কুমিল্লা)-মতলব উত্তর (ছেঙ্গারচর) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প, ৭১২ কোটি ২১ লাখ টাকা ব্যয়ে তেঁতুলিয়া নদীর ভাঙন হতে পটুয়াখালী জেলাধীন বাউফল উপজেলার ধুলিয়া লঞ্চঘাট হতে বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার দুর্গাপাশা রক্ষা প্রকল্প, ৫৩১ কোটি টাকা ব্যয়ে কপোতাক্ষ নদের জলাবদ্ধতা দূরীকরণ (২য় পর্যায়) প্রকল্প, ৬১ কোটি টাকা ব্যয়ে গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মাছ আহরণে পাইলট প্রকল্প এবং ২৬১ কোটি ৩১ লাখ টাকা ব্যয়ে ইমার্জেন্সি মালটি সেক্টর রোহিঙ্গা ক্রাইসিস রেসপন্স প্রকল্প (১ম সংশোধিত)। রোহিঙ্গাদের সহায়তায় নেওয়া প্রকল্পটিতে ৩ লাখ ডলার অনুদান বাড়িয়েছে বিশ্বব্যাংক।

সূত্র- ইত্তেফাক